সংবাদ। ৭।৬।৮৭

445

002

# ১২টি প্রকল্প অনুমোদিত

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির এক বৈঠকে প্রায় ৭৫ কোটি টাকার বৈদেশিক মুদ্রার অংশসহ ৮৩৭ কোটিরও বেশী টাকা ব্যয় সাপেক্ষ ১২টি প্রকল্প অনুমোদন করা হয়।

পরিষদের নির্বাহী কমিটির চেয়ারম্যান অর্থমন্ত্রী জনাব সাইফুর রহমানের সভাপতিত্বে গতকাল শনিবার সচিবালয়ে এই বৈঠক অনুষ্ঠিত হয়।

এই প্রকল্পগুলো হচ্ছে: ইসলামী সংস্কৃতি কেন্দ্র স্থাপন, ধর্মীয় নেতৃবৃন্দের (ইমাম ও

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ১২টি প্রকল্প

(১ম পাতার পর)

মুয়াজ্জিন) প্রশিক্ষণ, স্বেচ্ছা বন্ধ্যাকরণ, কর্মসূচী (দ্বিতীয় পর্যায়), ম্যালেরিয়া নিয়ন্ত্রণ প্রকল্প, মহকুমার হাসপাতালসমূহের আধুনিকায়ন (প্রথম পর্যায়), দেশজ চিকিৎসা পদ্ধতি (ইউনানী ও আয়ুর্বেদী)-এর উন্নয়ন, বাংলাদেশের বিভিন্ন সংস্থার জন্য পিএবিএক্স ও পিবিএক্স-এর ব্যবস্থা করা, বাংলাদেশের পল্লী এলাকায় ক্ষুদ্র স্বয়ংক্রিয় এক্সচেঞ্জ-এর ব্যবস্থা করা বাংলাদেশে স্থানীয় টেলিফোন সম্প্রসারিত করে ৬০ হাজার লাইনে উন্নীত করা দেশব্যাপী ট্রাঙ্ক ডায়ালিং এর ব্যবস্থা করা সার্বজনীন প্রাথমিক শিক্ষা প্রবর্তন ও গণশিক্ষা কর্মসূচী। খবর বাসস'র।